

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৫, ২০১৭

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ ফাল্গুন ১৪২৩/১৪ মার্চ ২০১৭

নং ১৭.০০.৫৭৮৭.০৩৪.৩৮.০৭০.০৪.১৪৬—নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৫)-৩৮৯, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৬ এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৮)-৩৯৭, তারিখ: ০৬ অক্টোবর ২০১৬ এর অনুবৃত্তিক্রমে মেহেরপুর জেলার মেহেরপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচন যে পর্যায় হইতে স্থগিত করা হইয়াছিল সে পর্যায় হইতে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি পুনরায় ঘোষণা করিলেন :

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২৭ মার্চ ২০১৭ ১৩ চৈত্র ১৪২৩	সোমবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৯ মার্চ ২০১৭ ১৫ চৈত্র ১৪২৩	বুধবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৫ এপ্রিল ২০১৭ ২২ চৈত্র ১৪২৩	বুধবার
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	২৫ এপ্রিল ২০১৭ ১২ বৈশাখ ১৪২৪	মঙ্গলবার

(২৪৬১)

মূল্য : টাকা ৪.০০

২। উল্লেখ্য যে, ইতঃপূর্বে স্থগিতকৃত নির্বাচনে অংশগ্রহণের লক্ষ্যে যাহারা মনোনয়নপত্র দাখিল করিয়াছিলেন তাহাদের পুনরায় মনোনয়নপত্র দাখিল করিবার প্রয়োজন হইবে না।

৩। ইহাছাড়াও নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৫)-৩৮৮, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৬ এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৫.১৫(অংশ-৫)-৩৯০, তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৬ মোতাবেক রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপনসমূহ বহাল থাকিবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২।